

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
সাতক্ষীরা
(সাধারণ শাখা)

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:


সভাপতি : এস এম মোস্তফা কামাল
জেলা প্রশাসক, সাতক্ষীরা
তারিখ : ২০-১২-২০২০ (রবিবার)
সময় : বেলা- ১২.৩০ টা
স্থান : Zoom Cloud Meetings App

সভাপতি Zoom Cloud Meetings App এ সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই সভাপতি জানান যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সরকারের সকল কর্মসূচিগুলো যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন হওয়া একান্ত আবশ্যিক। এ বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সভায় সকলকে নির্দেশনা প্রদান করেন এবং সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সরকারের সকল কর্মসূচী সফলভাবে বাস্তবায়ন করতে সমর্থিতভাবে কাজ করার জন্য সকলকে আহ্বান জানান। অতঃপর সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক নম্বর	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	স্ব স্ব দপ্তরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন: এ কার্যালয়সহ অধীনস্থ অফিসের শুদ্ধাচার কৌশল সফলভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	শুদ্ধাচার কৌশল সফলভাবে বাস্তবায়ন করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী কমিশনার (ভূমি) (সকল) এবং জেলা প্রশাসকের কার্যালয়ের সকল কর্মকর্তাবৃন্দ।
২	সেবাদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন : এ কার্যালয়সহ অধীনস্থ অফিসের সেবাদান প্রতিশ্রুতি (Citizen Charter) প্রণয়ন করে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ অব্যাহত রাখাসহ সেবাদান প্রতিশ্রুতি স্ব স্ব কার্যালয়ের জনসম্মুখে ও দৃশ্যমান স্থানে প্রদর্শন এবং ওয়ের পোর্টালে আপলোড করার ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	সেবাদান প্রতিশ্রুতি (Citizen Charter) প্রণয়ন করে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ অব্যাহত রাখাসহ সেবাদান প্রতিশ্রুতি স্ব স্ব কার্যালয়ের জনসম্মুখে ও দৃশ্যমান স্থানে প্রদর্শন এবং ওয়ের পোর্টালে আপলোড করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী কমিশনার (ভূমি) (সকল) এবং জেলা প্রশাসকের কার্যালয়ের সকল কর্মকর্তাবৃন্দ।
৩	জেলা প্রশাসকের কার্যালয়ে সেবার মান উন্নয়নে কার্যক্রম গ্রহণ: জেলা প্রশাসকের কার্যালয় জেলার সর্বোচ্চ প্রশাসনিক ইউনিট বিধায় সেবার মান বৃদ্ধিতে এ কার্যালয়ের সকল শাখার কাজে আরো গতিশীলতা আনয়ন জরুরি। সেবাগ্রহীতাদের প্রতি সদাচরণসহ প্রত্যাশানুযায়ী দ্রুত সময়ের মধ্যে সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন।	সেবার মান বৃদ্ধিতে শাখার কাজে আরো গতিশীলতা আনয়ন করতে হবে। সেবাগ্রহীতাদের প্রতি সদাচরণসহ প্রত্যাশানুযায়ী দ্রুত সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিত করতে হবে। সেবা প্রদানে অনলাইন সিস্টেমের ব্যবহার বাড়িয়ে সেবা প্রদানের হার শতভাগ করতে হবে। এ বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সাতক্ষীরা জেলা প্রশাসকের কার্যালয়ের সকল কর্মকর্তাবৃন্দ।
৪	অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবন্ড হালনাগাদকরণ: সাতক্ষীরা জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েব পোর্টালে বিদ্যমান অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবন্ড নিয়মিতভাবে হালনাগাদ রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবন্ড নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে।	সহকারী কমিশনার আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা।

৫	শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ: সাতক্ষীরা জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েব পোর্টালে বিদ্যমান শুদ্ধাচার সেবাবক্স নিয়মিতভাবে হালনাগাদ রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	শুদ্ধাচার সেবাবক্স নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে।	সহকারী কমিশনার আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা।
---	--	--	---

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং উল্লিখিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



এস এম মোস্তফা কামাল
জেলা প্রশাসক
সাতক্ষীরা


ফোন: ০৪৭১-৬৩২০১ (অফিস)
ই-মেইল: dcsatkhira@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৮৭০০.০১০.৫৯.০১৫.২০- ২৬৭/১৬৫

তারিখ: ১৯-১২-২০২০খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৩। উপপরিচালক, স্থানীয় সরকার, সাতক্ষীরা
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/(রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সাতক্ষীরা
- ৫। উপজেলা নির্বাহী অফিসার,..... সাতক্ষীরা (সকল)।
- ৬। নেজারত ডেপুটি কালেক্টর/রেভিনিউ ডেপুটি কালেক্টর/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/জেনারেল সার্টিফিকেট অফিসার, সাতক্ষীরা
- ৭। সহকারী কমিশনার (ভূমি),..... সাতক্ষীরা (সকল)
- ৮। সহকারী কমিশনার, শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা।
- ৯। প্রশাসনিক অফিসার, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা


জেলা প্রশাসক
সাতক্ষীরা